## ৫৩ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ঃ

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ ।

তারিখ ঃ ১৯/০৮/২০২৬ খ্রি. ।

সময় ঃ বেলা ১০-০০ ঘটিকা ।

সভাপতি ঃ জনাব তারেক হাসান, উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর (নথিতে সংরক্ষিত) ।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার উপজেলা কমিটির সভাপতি, উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ মহোদয়ের অনুমতিক্রমে জনাব শেখ মোঃ কামরুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ; উপ-পরিচালক (শারীরিক শিক্ষা) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা- এর স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৬৫৯৯(১২৫), তাং-১২/০৮/২০২৬ খ্রি. তারিখের পত্রখানা সভায় পাঠ করে শুনান। বিস্তারিত আলোচনান্তে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ।

(১) ৫৩ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি গ্রীষ্মকালীন সকল ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে ০২/০৯/২০২৬ খ্রি. তারিখ হতে ০৩/০৯/২০২৬ খ্রি. খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। গ্রীষ্মকালীন স্কুল, মাদরাসা ও কারিগরি ক্রীড়া প্রতিযোগিতা সুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে অত্র উপজেলাতে সকল স্কুল (মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়),এস.এস.সি ভোকেশনাল (নবম ও দশম)ও মাদরাসাকে পূর্বের ন্যায় ৮ টি জোনে বিভক্ত করে খেলাধুলা পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। জোন ও জোনের সাথে সম্পৃক্ত স্কুল , মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান সমূহের নামের তালিকা ও ভেন্যু পূর্বের ন্যায় অপরিবর্তিত থাকবে।

(২) সংশ্লিষ্ট জোনের আহবায়কগণকে তাদের জোনের খেলা ২৬/০৮/২০২৬ খ্রিঃ তারিখ হতে ৩০/০৮/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে সম্পন্ন করে ০১/০৯/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে অত্র সমিতির সম্পাদক ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সদর, ঝিনাইদহের কার্যালয়ে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী ০২/০৯/২০২৬ খ্রিঃ থেকে ০৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে খেলা সম্পন্ন করতে হবে । সকল প্রতিষ্ঠানকে বাধ্যতামূলভাবে খেলাধুলায় অংশগ্রহণ করতে হবে । কোন প্রতিষ্ঠান খেলাধুলায় অংশগ্রহণ না করলে সে প্রতিষ্ঠানকে ১,০০০.০০ (এক হাজার) টাকা জরিমানা আদায় এবং তাদের এমপিও ও স্বীকৃতি বাতিলের জন্য সুপারিশ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় । উপজেলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রতিষ্ঠান ভিত্তিক চাঁদা ১৬০০/= (জোন ৪০০.০০+ উপজেলা-৯০০.০০+জেলা ৩০০.০০) নির্ধারিত হয়। প্রতিষ্ঠান ভিত্তিক নির্ধারিত চাঁদা ২৬/০৮/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জোন প্রধানের নিকট জমা প্রদান করে রশিদ সংগ্রহ করবেন। জোন প্রধানগণ আগামী ৩০/০৮/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে নির্ধারিত চাঁদা ও ফলাফল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের নিকট জমা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। ইউনিয়ন পর্যায়ে অবস্থিত নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানে চাঁদা আদায় করা যাবে না।

(৩) ৫৩ তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি গ্রীষ্মকালীন সাঁতার (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতায় নিম্নবর্ণিত ইভেন্ট সমূহ অন্তর্ভূক্ত হবে-

০১। সাঁতার ঃ

(ক) বালক-বালিকা বড় ঃ (০১) ১০০ মিঃ মুক্ত সাঁতার (০২) ২০০ মিঃ মুক্ত সাঁতার (০৩) ১০০ মিঃ চিৎ সাঁতার (০৪) ১০০ মিঃ বুক সাঁতার (০৫) ১০০ মিঃ প্রজাপতি সাঁতার (০৬) ৪ x ১০০ মিঃ মিডলে রীলে সাঁতার (প্রথমে চিৎ সাঁতার , পরে বুক সাঁতার , তারপর প্রজাপতি ও সর্বশেষ প্রতিযোগীর মুক্ত সাঁতার)।

খ) বালক-বালিকা মধ্যম ঃ (০১) ১০০ মিঃ মুক্ত সাঁতার (০২) ৫০ মিঃ চিৎ সাঁতার (০৩) ৫০ মিঃ বুক সাঁতার (০৪) ৫০ মিঃ প্রজাপতি সাঁতার (০৫) ৪ x ৫০ মিডলে রীলে সাঁতার (প্রথমে চিৎ সাঁতার , পরে বুক সাঁতার , তারপর প্রজাপতি ও সর্বশেষ প্রতিযোগীর মুক্ত সাঁতার) ।

০২। হ্যান্ডবল: (ছাত্র-ছাত্রী)

০৩। কাবাডি: (ছাত্র-ছাত্রী)

০৪। (ক) দাবা: মধ্যম (বালক-বালিকা) (৬ষ্ঠ-৮ম), দাবা: বড় (বালক-বালিকা) (৯ম-১০ম), প্রতিটি গ্রুপের শুধুমাত্র চ্যাম্পিয়ান পরবর্তী পর্যায়ে অংশগ্রহন করবে ।

০৫। ৫৩ তম জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি কাবাডি (ছাত্র-ছাত্রী) ও হ্যান্ডবল (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা উপজেলা হতে অঞ্চল পর্যন্ত 'নক আউট' পদ্ধতিতে এবং জাতীয় পর্যায়ে লীগ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে । গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৭, ১৮, ১৯ এর বিধি মোতাবেক ৫৩ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা পরিচালিত হবে ।

০৬। উপজেলা পর্যায়ে খেলাধুলা সুন্দর সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরিচালনার উদ্দেশ্যে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স পাঠানোর জন্য ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় এবং খেলাধূলা চলাকালীন সময় পর্যন্ত একজন মেডিকেল অফিসার (ছাত্র-ছাত্রীদের বয়স যাচাই বাছাই এবং সার্বিক সহযোগীতার জন্য ) নিয়োজিত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। ঝিনাইদহ নিউ একাডেমী মাধ্যমিক বিদ্যালয় মাঠ ব্যবহারের জন্য প্রধান শিক্ষককে অনুরোধ জানানো হয় ।

০৭। সভায় সকল জোন প্রধান ও সংশ্লিষ্ট কমিটির আহ্বায়কগণকে খেলার ফলাফলের বিষয়ে চুড়ান্ত সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা প্রদান করা হয় । দায়িত্বে নিয়োজিত ক্রীড়া শিক্ষকগণ যাতে তাদের উপর অর্পিত দায়-দায়িত্ব সঠিক ভাবে পালন করতে পারেন সে ব্যাপারে প্রতিষ্ঠান প্রধানগণ ক্রীড়া শিক্ষককে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । আগামী ২৬/০৮/২০২৬ খ্রিঃ তারিখ হতে ০৭/০৯/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত জোন ও উপজেলা পর্যায়ে খেলাধুলা

পরিচালনার জন্য রেগুলেশনে উল্লিখিত প্রতিষ্ঠানের ক্রীড়া শিক্ষক-কে নির্ধারিত সময়সূচী অনুযায়ী খেলাধুলার মাঠে দায়িত্ব পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ জানানো হয় ।

০৮। আগামী ০৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় ৫৩ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। উপজেলা পর্যায়ে সাঁতার প্রতিযোগিতা উপজেলা পরিষদ পুকুরে ০৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায়, দাবা প্রতিযোগিতা ০৩/০৯/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় ঝিনাইদহ নিউ একাডেমী মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে।

১০। হ্যান্ডবল ও কাবাডি প্রতিযোগিতা ০২/০৯/২০২৬ খ্রিঃ তারিখে দলের উপস্থিতিতে ফিকচার করে খেলা অনুষ্ঠিত হবে ।

উক্ত খেলা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্ন লিখিত বিভিন্ন উপ-কমিটি গঠন করা হলো ঃ

১১। উপজেলা ক্রীড়া পরিচালনা কমিটি ঃ

| | |
|---|---|
| ০১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ | আহ্বায়ক |
| ০২) প্রধান শিক্ষক, ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়, সদর, ঝিনাইদহ | সদস্য |
| ০৩) পৌর এলাকায় অবস্থিত সকল প্রতিষ্ঠান প্রধানগণ | সদস্য |
| ০৪) সকল জোনের জোন প্রধানগণ | সদস্য |
| ০৫) সকল উপ-কমিটির আহ্বায়কবৃন্দ । | সদস্য |

১২। মাঠ প্রস্তুত উপ-কমিটিঃ

| | |
|---|---|
| ০১) মোঃ মামুনুর রশিদ, ক্রীড়া শিক্ষক, পঞ্চগ্রাম মুক্তিযোদ্ধা মসিউর রহমান দা/মাঃ | আহবায়ক |
| ০২) মোঃ লিয়াকত হোসেন, ক্রীড়া শিক্ষক, আলহেরা ইসলামী ইন্সঃ(মাধ্যমিক বিদ্যালয়) | সদস্য |
| ০৩) মোছাঃ সুরাইয়া বেগম, ক্রীড়া শিক্ষক, ফজর আলী বালিকা স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ০৪) মোঃ সোহরাব হোসেন, ক্রীড়া শিক্ষক, কে কে পি বি মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৫) মোঃ বেল্লাল হোসেন, ক্রীড়া শিক্ষক, মধুপুর দাখিল মাদ্রাসা | সদস্য |
| ০৬) মোঃ সেলিম হোসেন, ক্রীড়া শিক্ষক, দূর্গাপুর মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৭) সৈয়দ মোঃ নাসিবুর রহমান, ক্রীড়া শিক্ষক, মাওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৮) মোঃ হোসেন আলী, ক্রীড়া শিক্ষক, মুক্তিযোদ্ধা মসিউর রহমান মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৯) মোঃ তোজাম্মেল হক, পৌর মডেল স্কুল এন্ড কলেজ | সদস্য |

১৩। কাগজপত্র ও খেলোয়াড় যাচাই-বাছাই উপ-কমিটিঃ

| | |
|---|---|
| ০১ প্রধান শিক্ষক, মুক্তিযোদ্ধা মসিউর রহমান মাধ্যঃ বালিকা বিদ্যালয় | আহবায়ক |
| ০২) প্রধান শিক্ষক, নগরবাথান মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৩) প্রধান শিক্ষক, মুক্তিযোদ্ধা মসিউর রহমানর মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৪) প্রধান শিক্ষক, হরিশংকরপুর মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৫) সুরাইয়া বেগম, ক্রীড়া শিক্ষক, ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ০৬ মোঃ মামুনুর রশীদ,, ক্রীড়া শিক্ষক, পঞ্চগ্রাম মুক্তিযোদ্ধা মসিউর রহমান দাখিল মাদ্রাসা | সদস্য |
| ০৭) মোছাঃ রওশন আরা খাতুন, ক্রীড়া শিক্ষক, শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ | সদস্য |

১৪। আপিল উপ-কমিটি ঃ

| | |
|---|---|
| ০১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ | আহবায়ক |
| ০২) অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ০২) অধ্যক্ষ, কাঞ্চননগর মডেল স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ০৩) অধ্যক্ষ, ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ০৪) অধ্যক্ষ, ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ০৫) প্রধান শিক্ষক, এম.কে মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৬) প্রধান শিক্ষক, হাট গোপালপুর মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৭) প্রধান শিক্ষক, মাওলানাবাদ মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৮) প্রধান শিক্ষক, শহীদ স্মৃতি বিদ্যাপীঠ | সদস্য |
| ০৯) প্রধান শিক্ষক, কে এম এইচ মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |

১৫। আইন শৃঙ্খলা উপ-কমিটিঃ

| | |
|---|---|
| ০১) ভারপ্রাপ্ত কর্মকর্তা ,ঝিনাইদহ সদর থানা, ঝিনাইদহ | আহবায়ক |
| ০২) প্রধান শিক্ষক, ঝিনাইদহ সরকারী উচ্চ বিদ্যালয় | সদস্য |
| ০৩) উপজেলা একাডেমিক সুপারভাইজার, সদর, ঝিনাইদহ | সদস্য |
| ০৪) সুপারিনটেনডেন্ট, বিজ্ঞান ও কারিগরি ইনস্টিটিউট | সদস্য |
| ০৫) প্রধান শিক্ষক, এম.কে মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৬) প্রধান শিক্ষক, জমিলা খাতুন মাধ্যমিক বালিকা বিদ্যালয় | সদস্য |

১৬। হ্যান্ডবল উপ-কমিটি (ছাত্র) ঃ

০১) মোঃ আলমগীর হোসেন, মুক্তিযোদ্ধা মসিউর রহমান মাধ্যমিক বিদ্যালয় — আহবায়ক
০৩) বিপুল জোয়ার্দার , ক্রীড়া শিক্ষক, ঝিনাইদহ সরকারী উচ্চ বিদ্যালয় — সদস্য
০৪) সজল কুমার বসু, ক্রীড়া শিক্ষক, ঝিনাইদহ সরকারী বালিকা বিদ্যালয় — সদস্য
০৫) মোঃ সোহরাব হোসেন, ক্রীড়া শিক্ষক, কে.কে.পি.বি মাধ্যমিক বিদ্যালয় — সদস্য
০৬) মোঃ মামুনুর রশিদ, ক্রীড়া শিক্ষক, পঞ্চগ্রাম মুক্তিযোদ্ধ মশিউর রহমান দাখিল মাদরাসা — সদস্য
০৭) শশধর বিশ্বাস, ক্রীড়া শিক্ষক, ঝিনাইদহ নিউ একাডেমী মাধ্যমিক বিদ্যালয় — সদস্য
০৮) মোঃ এনামুল হক , ক্রীড়া শিক্ষক, ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ — সদস্য

১৭। হ্যান্ডবল উপ-কমিটি (ছাত্রী) ঃ

০১) অধ্যক্ষ ,ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ — আহবায়ক
০২) সুরাইয়া বেগম, ক্রীড়া শিক্ষক, ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ — সদস্য
০৩) রওশনারা রীপা, শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ — সদস্য
০৪) মোছাঃ রেবেকা খাতুন, মুক্তিযোদ্ধা মসিউর রহমান মাধ্যমিক বালিকা বিদ্যালয় — সদস্য
০৫) সিরাজুল ইসলাম, ক্রীড়া শিক্ষক, এস.এম মতলুবুর রহমান মাধ্যমিক বিদ্যালয় — সদস্য
০৬) মোঃ তোজাম্মেল হক, ক্রীড়া শিক্ষক, পৌর মডেল স্কুল এন্ড কলেজ — সদস্য
০৭) মোঃ আব্দুর রাজ্জাক, ক্রীড়া শিক্ষক, মিয়াকুন্ডু মাধ্যমিক বালিকা বিদ্যালয় — সদস্য

১৮। কাবাডি উপ-কমিটি (ছাত্র) ঃ

০১) সুপার, কানুহরপুর হাজী আলী আব্বাস দাখিল মাদ্রাসা — আহবায়ক
০২) সুরাইয়া বেগম, ক্রীড়া শিক্ষক, ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ — সদস্য
০৩) মোঃ সোহরাব হোসেন, ক্রীড়া শিক্ষক, কে.কে.পি.বি মাধ্যমিক বিদ্যালয় — সদস্য
০৪) মোঃ মামুনুর রশীদ, ক্রীড়া শিক্ষক, পঞ্চগ্রাম মুক্তিযোদ্ধা মসিউর রহমান দাখিল মাদ্রাসা — সদস্য
০৫) শাওলী বিশ্বাস, ক্রীড়া শিক্ষা, নূরনগর আলিম মাদরাসা — সদস্য
০৬) মোঃ লিয়াকত হোসেন, ক্রীড়া শিক্ষক, আলহেরো ইসলামী ইনষ্টিটিউট, (মাধ্যমিক বিদ্যালয়) — সদস্য
০৭) সৈয়দ নাসিবুর রহমান, মাওলানাবাদ , ক্রীড়া শিক্ষক, মাধ্যমিক বিদ্যালয় — সদস্য

১৯। কাবাডি উপ-কমিটি (ছাত্রী) ঃ

০১) প্রধান শিক্ষক, পৌর মডেল স্কুল এন্ড কলেজ — আহবায়ক
০২) সুরাইয়া বেগম, ক্রীড়া শিক্ষক, ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ — সদস্য
০৩) রওশনারা রিপা, ক্রীড়া শিক্ষক, শিশুকুঞ্জ স্কুল এন্ড কলেজ — সদস্য
০৪) হেলালী ফেরদৌস, ক্রীড়া শিক্ষক, ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজ — সদস্য
০৫) রেবেকা খাতুন , ক্রীড়া শিক্ষক, মুক্তিযোদ্ধা মসিউর রহমান মাধ্যমিক বালিকা বিদ্যালয় — সদস্য
০৬) মোঃ সাইফুল ইসলাম, ক্রীড়া শিক্ষক, শহীদ স্মৃতি বিদ্যাপিঠ — সদস্য
০৭) জেসমিন আক্তার , ক্রীড়া শিক্ষক জমিলা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয় — সদস্য

২০। সাঁতার উপ-কমিটি (ছাত্র-ছাত্রী) ঃ

০১) মোঃ আঃ মমিন, প্রধান শিক্ষক, আড়মুখী জোঃ জাঃ মাধ্যমিক বিদ্যালয় — আহবায়ক
০২) নুরুল ইসলাম, সহকারী প্রধান শিক্ষক, কাঞ্চননগর স্কুল এন্ড কলেজ — সদস্য
০৩) সুরাইয়া বেগম, ক্রীড়া শিক্ষক, ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ — সদস্য
০৪) শেখ মোঃ বেলাল হুসাইন, ক্রীড়া শিক্ষক, মধুপুর দাখিল মাদরাসা — সদস্য
০৫) এনামুল হক, ক্রীড়া শিক্ষক, ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ — সদস্য
০৬)মোঃ আব্দুর রশিদ, বারেক আলী মাধ্যমিক বিদ্যালয় — সদস্য
০৭) মিন্টু মিয়া, ক্রীড়া শিক্ষক, মধুপুর মাধ্যমিক বিদ্যালয় সদস্য — সদস্য
০৮) মোঃ হোসেন আলী, ক্রীড়া শিক্ষক, মুক্তিযোদ্ধা মসিউর রহমান মাধ্যমিক বিদ্যালয় — সদস্য

২১। দাবা উপ-কমিটি (ছাত্র-ছাত্রী)ঃ

০১) মোঃ গোলাম কিবরিয়া প্রধান শিক্ষক , বানিয়াবহু মাধ্যমিক বিদ্যালয় — আহবায়ক
০২) মোঃ সেলিম হোসেন, ক্রীড়া শিক্ষক, দুর্গাপুর মাধ্যমিক বিদ্যালয়, — সদস্য
০৩) আঃ রশিদ, ক্রীড়া শিক্ষক, বারেক আলী মাধ্যমিক বিদ্যালয় — সদস্য
০৪) মাহাবুব রশীদ, ক্রীড়া শিক্ষক, বেড়বাড়ী মাধ্যমিক বিদ্যালয় — সদস্য
০৫) সিরাজুল ইসলাম, ক্রীড়া শিক্ষক, এস.এম মতলুবুর মাধ্যমিক বিদ্যালয় — সদস্য
০৬) শশধর কুমার বিশ্বাস, ক্রীড়া শিক্ষক, ঝিনাইদহ নিউ একাডেমী — সদস্য
০৭) জামাল হোসেন, ক্রীড়া শিক্ষক, বিষয়খালী এসএম স্কুল এন্ড কলেজ — সদস্য
০৮) মোঃ তোজাম্মেল হক, ক্রীড়া শিক্ষক, পৌর মডেল স্কুল এন্ড কলেজ — সদস্য

২২। অভ্যর্থনা ও আপ্যায়ন উপ-কমিটিঃ

| | | |
|---|---|---|
| ০১) সুজন কুমার সরকার, উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সদর | | আহবায়ক |
| ০২) হোসনে আরা, সহঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঝিনাইদহ | | সদস্য |
| ০৩) অধ্যক্ষ , ফজর আলী গার্লস স্কুল এন্ড কলেজ | | সদস্য |
| ০৪) অধ্যক্ষ, ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ | | সদস্য |
| ০৫) প্রধান শিক্ষক, ঝিনাইদহ নিউ একাডেমী মাধ্যমিক বিদ্যালয় | | সদস্য |
| ০৬) প্রধান শিক্ষক, মুক্তিযোদ্ধা মসিয়ার রহমান মাধ্যমিক বালিকা বিদ্যালয় | | সদস্য |
| ০৭) প্রধান শিক্ষক, মধুপুর মাধ্যমিক বিদ্যালয় | | সদস্য |
| ০৮) প্রধান শিক্ষক, কে.বি সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয় | | সদস্য |
| ০৯) সুপার,পঞ্চগ্রাম মুক্তিযোদ্ধা মসিউর রহমান দাখিল মাদ্রাসা | | সদস্য |

২৩। পুরষ্কার ক্রয় উপ-কমিটি ঃ

| | |
|---|---|
| ০১) উপজেলা নির্বাহী অফিসার, সদর, ঝিনাইদহ | আহবায়ক |
| ০২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, ঝিনাইদহ | সদস্য |
| ০৩) অধ্যক্ষ, ঝিনাইদহ ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ০৪ সহপ্রধান শিক্ষক, মুক্তিযোদ্ধা মসিউর রহমান মাধ্যঃ বালিকা বিদ লয় | সদস্য |
| ০৫) প্রধান শিক্ষক, কে এম এইচ মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৭) সুরাইয়া বেগম, ক্রীড়া শিক্ষক, ফজর আলী স্কুল এন্ড কলেজ | সদস্য |
| ০৮) মোঃ মামুনুর রশীদ, পঞ্চগ্রাম মুক্তিযোদ্ধা মসিউর রহমান দাখিল মাদ্রাসা | সদস্য |

২৪। ফলাফল সংরক্ষণ ও সনদপত্র লিখন উপ-কমিটিঃ

| | |
|---|---|
| ০১) উপজেলা একাডেমিক সুপারভাইজার, সদর, ঝিনাইদহ | আহবায়ক |
| ০২) প্রধান শিক্ষক, মুক্তিযোদ্ধা মসিউর রহমান মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |
| ০৩) সহঃ প্রধান শিক্ষক, মুক্তিযোদ্ধা মসিউর রহমান মাধ্যমিক বালিকা বিদ্যালয | সদস্য |
| ০৪) মোঃ আমির হোসেন, ক্রীড়া শিক্ষক, লাউদিয়া পীর দেওয়ান দাখিল মাদ্রাসা | সদস্য |
| ০৫) শাওলী বিশ্বাস, ক্রীড়া শিক্ষক, নুর নগর আলিম মাদ্রাসা | সদস্য |
| ০৬) মোঃ মোতালেব হোসেন, ক্রীড়া শিক্ষক, রজব আলী মাধ্যমিক বিদ্যালয় | সদস্য |

ক্রীড়া পরিচালনার উপ-কমিটির সবাইকে সকাল ৯-০০ ঘটিকার মধ্যে নির্ধারিত স্থানে উপস্থিত হয়ে খেলা পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় ।
কোন কারণে উপ-কমিটির আহ্বায়ক অনুপস্থিত থাকলে ঐ সংশ্লিষ্ট কমিটির ০২ নং ক্রমিকধারী ব্যক্তি আহ্বায়কের দায়িত্ব পালন করবেন ।

বিঃ দ্রঃ বাংলাদেশ ৫৩ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি গ্রীষ্মকালীন প্রতিযোগিতার দলীয় খেলায় বয়স ১৭ বছরের মধ্যে হতে হবে । ব্যক্তিগত ইভেন্টে অষ্টম শ্রেণি। বয়স ১৪ বছরের অধিক হলে সে বড় গ্রুপে খেলতে পারবে ।

২৫। খেলাধুলার সম্ভাব্য বাজেটঃ

| | | |
|---|---|---|
| ১৪ টি প্রতিষ্ঠান থেকে সংগৃহীত নির্ধারিত ফি আদায় = ৮৪,৬০০/= | ১। পুরষ্কার ক্রয় | = ৫৫,০০০/= |
| | ২। মাঠ প্রস্তুত বাবদ | = ৩,০০০/= |
| | ৩। দলীয় খেলা পরিচালনা বাবদ | = ৬,০০০/= |
| | ৪। প্যান্ডেল ও চেয়ার ভাড়া | = ২,৫০০/= |
| | ৫। মাইক ভাড়া বাবদ | = ১,৫০০/= |
| | ৬। সার্টিফিকেট, চিঠি ও দাওয়াতপত্র ও রেজুলেশন | = ৪,০০০/= |
| | ৭। মিটিং খরচ বাবদ | = ৫,০০০/= |
| | ৮। রশিদ ও চিঠিপত্র বিতরন বাবদ | =২,০০০/= |
| | ৯। ব্যানার ও ছবি | = ২,০০০/= |
| | ১০। বিবিধ | = ৩,৬০০/= |
| সর্বমোট আয় = = ৮৪,৬০০/= | সর্বমোট ব্যয় | = ৮৪,৬০০/= |

উপজেলা পর্যায়ে ৫৩ তম বাংলাদেশ স্কুল, মাদরাসা ও কারিগরি গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার সকল খেলাধুলার কর্মসূচী সাফল্য মন্ডিত করার লক্ষ্যে প্রত্যেক জোন প্রধান সংশ্লিষ্ট উপ-কমিটি, আহবায়ক ও সদস্যগণকে নিজ নিজ দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Tath 19.8.26

(তারেক হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
ও
সভাপতি
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি ক্রীড়া সমিতি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

স্মারক নং- স্মারক নং-৩৭.৪৪.৪৪১৯.০০১.১০.০০০৭.২৬. ২৬৪ (১০১)

তারিখ: ১৯/০৮/২০২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল:

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
০৫। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ ।
০৬। জেলা ক্রীড়া অফিসার, ঝিনাইদহ।
০৭। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সদর, ঝিনাইদহ( তাঁকে খেলার মাঠে সার্বক্ষনিক একজন চিকিৎসক নিয়োজিত করার জন্য অনুরোধ করা হলো)
০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঝিনাইদহ সদর থানা, ঝিনাইদহ ( তাঁকে খেলার মাঠে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োজিত করার জন্য অনুরোধ করা হলো)
০৯। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
১০। অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার ----------------------------------------------(তাঁকে তার প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ক্রীড়া শিক্ষককে খেলার মাঠে উপস্থিতির বিষয়টি নিশ্চিত করণের জন্য অনুরোধ করা হলো।
১১। সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, ঝিনাইদহ ।
১২। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ শিক্ষক সমিতি, ঝিনাইদহ জেলা শাখা, ঝিনাইদহ
১৩। সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
১৪। জনাব ----------------------------------------------------------
১৫। সংরক্ষণ নথি।

১৯/০৮/২০২৬

(শেখ মোঃ কামরুজ্জামান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদরাসা ও কারিগরি ক্রীড়া সমিতি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

বালক/বালিকা মধ্যম অনূর্ধ্ব ১৪বছর

জন্ম ০১-০৯-২০১২ অথবা এর পরে

বালক মধ্যম উচ্চতা ৫ফুট ৩ইঞ্চি

বালিকা মধ্যম উচ্চতা ৫ফুট এর নিচে হতে হবে

| ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীর জন্য | ৭ম শ্রেণির শিক্ষার্থীর জন্য | ৮ম শ্রেণির শিক্ষার্থীর জন্য |
|---|---|---|
| ১। ৫ম শ্রেণির প্রত্যয়নপত্র<br>২। ৬ষ্ঠ শ্রেণির eSIF এর রঙিন প্রিন্ট কপি<br>৩। বর্তমান প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র<br>৪। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন<br>৫। পিতা ও মাতার এনআইডি কার্ডের অনুলিপি<br>৬। পিতা/মাতার মোবাইল নম্বর<br>৭। 3R ছবি (একক খেলার ক্ষেত্রে)<br>৮। ফরম (একক খেলার ক্ষেত্রে পরিশিষ্ট: 'ক','গ' 'ঘ')<br>৯। ফরম (দলীয় খেলার জন্য 'ক' ও 'ঙ' ফরম)।<br>১০। পূরণকৃত পরিশিষ্ট: 'খ' ফরম প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকবে। | ১। ৫ম শ্রেণির প্রত্যয়নপত্র<br>২। ৬ষ্ঠ শ্রেণির/২০২৫ সালের রেজিস্ট্রেশন কার্ডের অনুলিপি<br>৩। বর্তমান প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র<br>৪। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন<br>৫। পিতা ও মাতার এনআইডি কার্ডের অনুলিপি<br>৬। পিতা/মাতার মোবাইল নম্বর<br>৭। 3R ছবি (একক খেলার ক্ষেত্রে)<br>৮। ফরম (একক খেলার ক্ষেত্রে পরিশিষ্ট: 'ক','গ', 'ঘ')<br>৯। ফরম (দলীয় খেলার জন্য 'ক' ও 'ঙ' ফরম)<br>১০। পূরণকৃত পরিশিষ্ট: 'খ' ফরম প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকবে। | ১। ৫ম শ্রেণির প্রত্যয়নপত্র<br>২। ৬ষ্ঠ শ্রেণির/২০২৪ সালের এর রেজিস্ট্রেশন কার্ডের অনুলিপি<br>৩। বর্তমান প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র<br>৪। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন<br>৫। পিতা ও মাতার এনআইডি কার্ডের অনুলিপি<br>৬। পিতা/মাতার মোবাইল নম্বর<br>৭। 3R ছবি (একক খেলার ক্ষেত্রে)<br>৮। ফরম (একক খেলার ক্ষেত্রে পরিশিষ্ট: 'ক','গ', 'ঘ')<br>৯। ফরম (দলীয় খেলার জন্য 'ক' ও 'ঙ' ফরম)<br>১০। পূরণকৃত পরিশিষ্ট: 'খ' ফরম প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকবে। |

বালক/বালিকা বড় অনূর্ধ্ব ১৭বছর

জন্ম ০১-০৯-২০০৯ অথবা এর পরে

| ৯ম শ্রেণির শিক্ষার্থীর জন্য | ১০ম শ্রেণির শিক্ষার্থীর জন্য |
|---|---|
| ১। জেএসসি/জেডিসি ২০২৫ সালের রেজিস্ট্রেশন কার্ডের অনুলিপি<br>২। বর্তমান প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র<br>৩। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন<br>৪। পিতা ও মাতার এনআইডি কার্ডের অনুলিপি<br>৫। পিতা/মাতার মোবাইল নম্বর<br>৬। 3R ছবি (একক খেলার ক্ষেত্রে)<br>৭। ফরম (একক খেলার ক্ষেত্রে পরিশিষ্ট: 'ক','গ' 'ঘ')<br>৮। ফরম (দলীয় খেলার জন্য 'ক' ও 'ঙ' ফরম)।<br>৯। প্রতিষ্ঠান পরিবর্তনের ক্ষেত্রে মূল ছাড়পত্র (TC) প্রদর্শন করতে হবে।<br>১০। পূরণকৃত পরিশিষ্ট: 'খ' ফরম প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকবে। | ১। জেএসসি/জেডিসি ২০২৪ সালের রেজিস্ট্রেশন কার্ডের অনুলিপি<br>২। ৯ম শ্রেণির eSIF রঙিন প্রিন্ট কপি<br>৩। বর্তমান প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র<br>৪। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধন<br>৫। পিতা ও মাতার এনআইডি কার্ডের অনুলিপি<br>৬। পিতা/মাতার মোবাইল নম্বর<br>৭। 3R ছবি (একক খেলার ক্ষেত্রে)<br>৮। ফরম (একক খেলার ক্ষেত্রে পরিশিষ্ট: 'ক','গ' 'ঘ')<br>৯। ফরম (দলীয় খেলার জন্য 'ক' ও 'ঙ' ফরম)।<br>১০। প্রতিষ্ঠান পরিবর্তনের ক্ষেত্রে মূল ছাড়পত্র (TC) প্রদর্শন করতে হবে।<br>১১। পূরণকৃত পরিশিষ্ট: 'খ' ফরম প্রতিষ্ঠানে সংরক্ষিত থাকবে। |

- দলীয় খেলার ক্ষেত্রে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে এবং দলীয় ছবি ৮ ইঞ্চি বাই ১০ ইঞ্চি হবে।
- সংশ্লিষ্ট শিক্ষার্থীর প্রয়োজনীয় সকল কাগজপত্র প্রধান শিক্ষক কর্তৃক সীলসহ সত্যায়িত হতে হবে।
- সকল ছবির পিছনে উপজেলা/থানা হতে প্রত্যেক পর্যায়ের সম্পাদকের স্বাক্ষর ও সীল থাকতে হবে।
- উপজেলা পর্যায় হতে প্রত্যেক স্তরের ফলাফল ও চ্যাম্পিয়ন দলের ছবি এবং নামের তালিকার ফরম sports.phy2023@gmail.com এ প্রেরণ করতে হবে।
- প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান প্রতি ইভেন্টের জন্য ০২ সেট কাগজপত্র উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অফিসে জমা দিবে।

* উপজেলা পর্যায়ের বিজয়ীদল এবং ব্যক্তিগত ইভেন্টে বিজয়ী খেলোয়াড়দের সকল তথ্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ০১ (এক) সেট ছবিসহ সংরক্ষণ করবেন। পরবর্তীতে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রেরণ করবেন।